গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
উন্নয়ন শাখা

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির জুন/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি বিভাগীয় কমিশনার
সভার তারিখ	: ২০ জুন, ২০২২ খ্রি.
সভার সময়	বেলা ১১:৩০ টা
স্থান	বিভাগীয় কমিশনার, রাজশাহী'র সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি) গত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান। সভাপতি গত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী আছে কিনা তা জানতে চান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিভিন্ন দপ্তরের সাথে স্ব-স্ব দাপ্তরিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়:

<table>
<tr><th>ক্র. নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১</td><td><u>বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ :</u>
সভাপতি কর্তৃক গত ১৮ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী আছে কি না সে বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। কোন সংশোধনী না থাকায় উক্ত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>১। গত ১৮ এপ্রিল, ২০২২ তারিখে অনুষ্ঠিত বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন ও আইসিটি), রাজশাহী</td></tr>
<tr><td>২</td><td><u>বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার:</u>
বিগত ২২ ফেব্রুয়ারি, ২০২২ ও ১৮ এপ্রিল, ২০২২ মাসে অনুষ্ঠিত রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন হার পর্যালোচনা করা হয়, যা নিম্নরূপ:
<table>
<tr><th>মাসের নাম</th><th>গৃহীত সিদ্ধান্ত সংখ্যা</th><th>বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা</th><th>সিদ্ধান্ত বাস্তবায়ন হার</th></tr>
<tr><td>ফেব্রুয়ারি/২২</td><td>৪৪</td><td>৪২</td><td>৯৫.৪৫%</td></tr>
<tr><td>এপ্রিল/২২</td><td>৪৬</td><td>৪৫</td><td>৯৭.৮২%</td></tr>
</table>
শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয়।</td><td>১। শতভাগ সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট হতে হবে।</td><td>বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>৩</td><td><u>আইএমইডি:</u>
রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমন্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।</td><td>১। রাজশাহী বিভাগে চলমান স্ব স্ব দপ্তরের আওতাধীন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কোন সমস্যা পরিলক্ষিত হলে এবং সমন্বয়ের প্রয়োজন হলে সভায় আলোচনা করতে হবে।</td><td>১। মহাপরিচালক, আইএমইডি, ঢাকা
২। সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</td></tr>
</table>

৪	**কোভিড-১৯ প্রতিরোধ সংক্রান্ত :** পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী সভায় জানান যে, কোভিড-১৯ পরিস্থিতি কিছুদিন ভালোই ছিল, এখন আবার সংক্রমণ বাড়তে শুরু করেছে। সবাইকে আগের অভিজ্ঞতা নিয়ে প্রস্তুত থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়। আরটিপিসিআর, জিন এক্সপার্ট এবং র‍্যাপিড এন্টিজেন এই ৩টি পদ্ধতিতে কোভিড নমুনা করা হয়ে থাকে। গত ১৯ মে, ২০২২ থেকে ১৯ জুন,২০২২ পর্যন্ত এক মাসে ৪৩১৩ টি নমুনা পরীক্ষায় ২৬ জন কোভিড শনাক্ত হয়েছে। কোনো মৃত্যু হয়নি। রাজশাহী বিভাগে শুরু থেকে এ যাবৎ পর্যন্ত অর্থাৎ ২০২০,২০২১ এবং ২০২২ সালের ১৯ জুন পর্যন্ত মোট নমুনা পরীক্ষা করা হয়েছে ৮,৬২,৮৩১। তন্মধ্যে শনাক্ত হয়েছে ১,১৯,২৬৫ জন। গড় শনাক্তের হার ১৩.৮২%। সুস্থ হয়েছে ১,১৬,৯৪৯ জন। সুস্থতার হারও ভালো ৯৮%। মোট মৃত্যু হয়েছে ১,৭৪৮ জন। গড় মৃত্যুহার ১.৪৭%। সবচেয়ে বেশি মৃত্যু হয়েছে বগুড়া জেলায় ৭০৫ জন। রাজশাহী জেলায় মৃত্যু হয়েছে ৩৪২ জনের। বাকীরা অন্যান্য জেলায় মৃত্যুবরণ করেছেন। কোভিড-১৯ প্রতিরোধে ১৯ জুন, ২০২২ তারিখ পর্যন্ত ১ম ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৫৮,১২,৫৪৯। ২য় ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ১,৪৬,৬৪,৬৮৬। বুস্টার ডোজ ভ্যাকসিন প্রদান করা হয়েছে ২৮,৯৯,০৭১। সর্বমোট ভ্যাকসিন প্রদান করা হয়েছে ৩,৩৩,৭৬,৩০৬ ডোজ। কোভিড-১৯ সংক্রমণরোধে বুস্টার ডোজ প্রদান আরো জোরদার করা এবং ভ্যাকসিন নেয়ার পরেও সামাজিক দূরত্ব বজায় রাখা এবং মাস্ক ব্যবহার অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়াও মাঙ্কিপক্স ভাইরাস এবং ডেঙ্গু বিষয়ে সচেতনতা বৃদ্ধি করার জন্য সভায় আলোচনা করা হয়। বগুড়া জেলার সারিয়াকান্দি এবং সিরাজগঞ্জ জেলার কিছু কিছু উপজেলা প্লাবিত হয়েছে। বন্যায় ডায়রিয়া রোগীর সংখ্যা বৃদ্ধি পায়। ডায়রিয়া রোগীদের চিকিৎসার জন্য ইউনিয়ন পর্যায় পর্যন্ত মেডিকেল টিম রয়েছে। তিনি আরো জানান যে, রেজিস্ট্রারবিহীন বেসরকারি হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে অভিযান পরিচালনা করে রাজশাহী জেলায়-৪০, নাটোর জেলায়-৪১, জেলায় জেলায়-২৫, চাঁপাইনবাবগঞ্জ জেলায়-২৮, পাবনা জেলায়-২০, সিরাজগঞ্জ জেলায়-২১, বগুড়া জেলায়-৪২ এবং জয়পুরহাট জেলায়-৫টি প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হয়েছে। অভিযান কার্যক্রম চলমান রয়েছে। এ অভিযান কার্যক্রমে সহযোগিতা করার জন্য সভায় সকলের সহযোগিতা কামনা করা হয়।	১। কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন নেয়ার পরেও মাস্ক ব্যবহার, সামাজিক দূরত্ব বজায় রাখা অর্থাৎ স্বাস্থ্যবিধি মেনে চলার বিষয়ে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে। ২। মাঙ্কিপক্স, ডেঙ্গু এবং ডায়রিয়া রোগ প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা চালাতে হবে। ৩। রেজিস্ট্রারবিহীন বেসরকারি হাসপাতাল, ক্লিনিক এবং ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। ৪। সুষ্ঠুভাবে ভ্যাকসিন প্রদান কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ ২। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী ৪। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী

৫	**খাদ্য বিভাগ:** আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল জানান যে, সংগ্রহ নীতিমালা অনুযায়ী বোরো সংগ্রহ/২০২২ কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহী বিভাগের লক্ষ্যমাত্রা চাল = ২,৪১,০৭০ মে. টন, মোট সংগ্রহ (২০/০৬/২০২২ পর্যন্ত) = ৯৬,৪১৪.৪৭০ মে. টন, লক্ষ্যমাত্রা ধান = ১,০৯,৩২৯ মে. টন, মোট সংগ্রহ (২০/০৬/২০২২ পর্যন্ত) = ৬,৮৫৫.৮০০ মে. টন। রাজশাহী বিভাগের খাদ্যশস্য মজুত (২০/০৬/২০২২ পর্যন্ত) চাল = ২,৭৩,৯৮৫ মে. টন, গম = ৩,৯৫৮ মে. টন, ধান = ৬,৮৫৫ মে. টন, মোট খাদ্যশস্য = ২,৮৪,৭৯৮ মে. টন। মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন অনুযায়ী নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে। রাজশাহী বিভাগে খাদ্যশস্য মজুত বিরোধী অভিযান শুরু থেকে এ পর্যন্ত খাদ্যশস্য ব্যবসায়ীদের (চাল, গম/আটার ব্যবসায়ী/মিলার) নিকট হতে ৫০,৭৭,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। বর্তমান বন্যা পরিস্থিতি গভীরভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে। বিশেষভাবে যমুনা তীরবর্তী সিরাজগঞ্জ জেলার এলএসডিসমূহের অবস্থা মনিটরিং করা হচ্ছে। নওগাঁ জেলার আত্রাই এলএসডি আত্রাই নদীর তীরবর্তী হওয়ায় বিশেষ পর্যবেক্ষণের আওতায় রয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরে (সেপ্টেম্বর, অক্টোবর ও নভেম্বর এবং মার্চ ও এপ্রিল) রাজশাহী বিভাগে ৭৭৬৬০৯টি সুবিধাভোগী পরিবারের মধ্যে ভোক্তা প্রতি মাসে ৩০ কেজি (প্রতি কেজি ১০ টাকা) করে চাল সরবরাহ করা হয়। এ অর্থ বছরে এখন পর্যন্ত ১,১৬,৩৪১ মে. টন চাল বিক্রি করা হয়েছে। খাদ্যবান্ধব কর্মসূচিতে চাল বিক্রি সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রয়েছে।	১। অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতমালা, ২০১৭ অনুযায়ী ধান/চাল/গম সংগ্রহ শতভাগ অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। ২। খাদ্যবান্ধব কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ৩। ধান/চাল/গম অর্থাৎ খাদ্য সংগ্রহে অনিয়ম পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল) রাজশাহী বিভাগ ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬	**কৃষি বিভাগ:** অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, অত্র অঞ্চলে (রাজশাহী, নওগাঁ, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ জেলায়) চাষকৃত অধিকাংশ জাতই উচ্চ ফলনশীল ধান। এছাড়াও গবেষণা কর্তৃক সর্বশেষ উদ্ভাবিত নতুন জাতের ধান চাষাবাদ করা হচ্ছে এবং আবাদ বৃদ্ধি করতে কৃষকদেরকে উদ্বুদ্ধ করা হচ্ছে। উচ্চ ফলনশীল ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিত করতে চলতি ২০২১-২২ অর্থ বছরে ৪৬ হাজার জন কৃষককে বিঘা প্রতি উচ্চ ফলনশীল বোরো ধানের বীজ ও সার প্রণোদনা কর্মসূচির আওতায় প্রদান করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, হাইব্রিড জাতের ধানের পাশাপাশি ইনব্রিড বা উচ্চ ফলনশীল (উফশী) জাত এবং ফাইন রাইচ জাতের ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিতকরণের কাজ অব্যাহত রয়েছে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, অত্র অঞ্চলে ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, নিরাপদ রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে কৃষককে উৎসাহিত করার কার্যক্রম চলমান। লাভজনক উচ্চমূল্য ফসল যেমন: মাল্টা, কমলা ও লেবু বাগানের প্রদর্শনী বাস্তবায়ন, মিষ্টি আলু, কচু	১। উচ্চ ফলনশীল ধান চাষাবাদে কৃষকদেরকে উৎসাহিত করতে হবে। ২। ধান উৎপাদনের লক্ষ্যমাত্রা ঠিক রেখে ঐ জমিতে লাভজনক, রপ্তানিমুখী বিভিন্ন ফল ও অন্যান্য ফসল চাষাবাদ অব্যাহত রাখতে হবে। ৩। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল ৩। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল

	এবং ড্রাগণ ও পেঁয়ারার চাষাবাদ হচ্ছে। লাভজনক হওয়ায় পেঁয়াজের আবাদ দিনদিন বৃদ্ধি পাচ্ছে। এ বছর ৩২,৩৫৭ হেক্টর জমিতে পেঁয়াজ আবাদ হয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, ধান এর পাশাপশি বগুড়া অঞ্চলের প্রচুর পরিমানে লিচু, আম, কাঁঠাল, পেয়ারা, কুল, পেঁপে, লেবুর বাগান গড়ে উঠেছে। ফল উৎপাদনে এ অঞ্চলে একটি বিশেষ ভূমিকা রয়েছে। বিশেষ করে মধুফল হিসেবে পরিচিত লিচু উৎপাদনে পাবনা জেলা দেশের শীর্ষ স্থানে রয়েছে। পাবনা জেলার লিচু প্রচুর পরিমাণে রপ্তানি হয়ে থাকে। আম, কাঁঠাল, পেয়ারা, কুল, ড্রাগন ফ্রুট ও লেবু উৎপাদনের ক্ষেত্রেও এ অঞ্চল বিশেষ অবদান রেখে চলেছে। অতিরিক্ত পরিচালক, রাজশাহী অঞ্চল জানান যে, কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে ২০২১-২২ অর্থ বছরে অত্র অঞ্চলে আউশ, রোপা, আমন, গ্রীষ্মকালীন পেঁয়াজ, পাট বীজ উৎপাদন, মাসকলাই, গম, ভুট্টা, সরিষা, সূর্যমূখী, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ, মসুর, খেসারি, বোরো ধান ফসলের অনুকূলে ৩,৯০,০৯৩ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল জানান যে, নীতিমালা অনুসারে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের খরিফ-১ আউশ মৌসুমে (বগুড়া, জয়পুরহাট, পাবনা ও সিরাজগঞ্জ জেলায়) মোট ৩৮,৬০০ জনকে ১ বিঘা জমি চাষের জন্য বিনামূল্যে বীজ ও রাসায়নিক সার বিতরণ করা হয়েছে। তাছাড়া চলতি গ্রীষ্মকালীন মৌসুমে পেঁয়াজ বীজ উৎপাদন এর লক্ষ্যে শুধুমাত্র বগুড়া জেলায় ১,০০০ জন কৃষককে ১ বিঘা জমি আবাদের জন্য অনুরূপ বীজ ও রাসায়নিক সার বিতরণ অব্যাহত আছে এবং তা সঠিক সময়ের মধ্যে অতি দ্রুত সম্পন্ন হবে। কৃষি প্রণোদনা নীতিমালা অনুসারে প্রয়োজনীয় খাদ্যশস্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।		
৭	**<u>গণপূর্ত বিভাগ:</u>** নির্বাহী প্রকৌশলী (স্টাফ অফিসার), গণপূর্ত জোন, রাজশাহী জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ নিয়মিতভাবে মনিটরিং করা হচ্ছে এবং সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীকে যথাযথভাবে তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় জানানো হয়। প্রকল্প বাস্তবায়নে কোনো সমস্যা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক সমস্যা সমাধানের বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ মনিটরিং করতে হবে। ২। প্রকল্প বাস্তবায়নে কোনো সমস্যা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগপূর্বক সমস্যা সমাধান করতে হবে।	১। জেলা প্রশাসক, রাজশাহী ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী

৮	**রাজশাহী ওয়াসা:** ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা জানান যে, Rajshahi WASA Surface Water Treatment Plant প্রকল্পটি বাস্তবায়নের জন্য ২১/০৩/২০২১ তারিখে রাজশাহী ওয়াসা এবং Human Construction Engineering Group Company Ltd. এর মধ্যে Commercial Contract Agreement স্বাক্ষরিত হয়েছে। ইতোমধ্যে প্রকল্প বাস্তবায়নের জন্য ৫২ (বাহান্ন) একর জমি অধিগ্রহণ করা হয়েছে। বর্তমানে ERD এর মাধ্যমে চায়না এক্সিম ব্যাংকের সাথে ঋণ চুক্তি প্রক্রিয়াধীন রয়েছে। রাজশাহীতে ওয়াসার পানির ট্যারিফ (অভিকর) বৃদ্ধি কার্যকর করা হয়েছে। এছাড়াও তিনি আরো জানান যে, Rajshahi WASA Surface Water Treatment Plant প্রকল্পটির পানি সরবরাহের জন্য মেইন ট্রান্সমিশন পাইপ লাইন গোদাগাড়ি থেকে চাঁপাইনবাবগঞ্জ সড়কের উত্তর সাইড দিয়ে আসবে। জায়গাটি সড়কের হওয়ায় উক্ত পাইপ লাইন স্থাপনের অনুমতির জন্য সভায় সড়ক বিভাগের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে সড়ক বিভাগকে পত্র প্রদান করা হলেও কোনো অগ্রগতি জানা যায়নি।	১। Rajshahi WASA Surface Water Treatment Plant প্রকল্পটি শুরু হলে প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্টদের নিরাপত্তাসহ প্রয়োজনীয় সহযোগিতা করতে হবে। ২। Rajshahi WASA Surface Water Treatment Plant প্রকল্পটির গোদাগাড়ি থেকে চাঁপাইনবাবগঞ্জ সড়কের জায়গায় পানির পাইপ লাইন স্থাপনের অনুমতি বিষয়ে পত্রের অগ্রগতি দ্রুত জানাতে হবে।	১। ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা ২। জেলা প্রশাসক, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন।

৯	**সড়ক বিভাগ:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, রাজশাহীর আওতাধীন জাতীয় মহাসড়ক, আঞ্চলিক মহাসড়ক এবং জেলা মহাসড়কসমূহের উভয় পার্শ্বে নতুনভাবে বৈদ্যুতিক পোল/খুঁটি, পানির লাইন, টেলিফোন লাইন, অপটিক্যাল ফাইবার লাইন স্থাপন করার পূর্বে স্ব স্ব সড়ক বিভাগ কর্তৃক অনাপত্তি পত্র সংগ্রহের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহকে পত্রের মাধ্যমে অবহিত করা হচ্ছে/হয়েছে; যাতে সরকারি অর্থের অপচয় রোধ করা যায়। কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই সংশ্লিষ্ট সংস্থাগুলো সওজের মাঠ পর্যায়ের অফিসের সংগে যোগাযোগ করেন না এবং অবহিত করেন না মর্মে জানানো হয়েছে। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী জানান যে, সড়ক ও জনপথ বিভাগের সাথে আলোচনা করে সার্ভে, সঠিক জায়গা নির্ধারণ, সম্ভাব্যতা যাচাই এবং নকশাকরণ ও অনুমোদনের মাধ্যমে চলমান প্রকল্প হতে পরিকল্পিতভাবে নেসকো কর্তৃক বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন ইত্যাদি স্থাপন করা হয়। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চ:দা:), সওজ, রাজশাহী জোন জানান যে, কাজ চলছে এরূপ সড়কের জায়গা হতে বৈদ্যুতিক পোল/খুঁটি, গাছ-পালা দ্রুত অপসারণের নিমিত্তে অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ রাজশাহীর দপ্তরসহ আওতাধীন দপ্তরসমূহ হতে নিয়মিতভাবে পত্রের মাধ্যমে তাগাদা দেয়া অব্যাহত রয়েছে। সিরাজগঞ্জ সড়ক বিভাগাধীন সিরাজগঞ্জ (বাগবাটি)-ধুনট(সোনামুখি)(জেড-৫৪০৫) সড়কের বগুড়া ও সিরাজগঞ্জ এর কিছু অংশে বন বিভাগের গাছ অপসারণ এখনো বাকী আছে। ফলে সড়ক প্রশস্তকরণ কাজের অগ্রগতি ব্যাহত হচ্ছে। বানেশ্বর-সারদা-চারঘাট-ঈশ্বরদী সড়কে কিছু সংস্থার (জেলা পরিষদ ইত্যাদি) বৃক্ষ অপসারণ কাজ চলমান আছে। যা আগামী ১৫ দিনের মধ্যে সমাপ্ত হবে মর্মে জানিয়েছেন। জেলা পরিষদ হতে পুঠিয়া-বাগমারা সড়কের বৃক্ষ অপসারণের জন্য পুনরায় দরপত্র আহ্বান করা হয়েছে বলে জানা গিয়েছে। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী জানান যে, সড়ক ও জনপথ বিভাগের সাথে আলোচনা করে সার্ভে, সঠিক জায়গা নির্ধারণ, সম্ভাব্যতা যাচাই এবং নকশাকরণ ও অনুমোদনের মাধ্যমে চলমান প্রকল্প হতে পরিকল্পিতভাবে নেসকো কর্তৃক বৈদ্যুতিক পোল, বৈদ্যুতিক লাইন ইত্যাদি স্থাপন করা হয়। কাজ চলছে এমন সড়কের জায়গা হতে দ্রুত বৈদ্যুতিক পোল স্থানান্তরের ব্যবস্থা গ্রহণ করা হয়। সিরাজগঞ্জ জেলার হাটিকুমরুল হতে নলকা ব্রিজ এলাকায় যানজট বেশি দেখা দেয়। বিশেষ করে ঈদ উপলক্ষ্যে এ যানজট সমস্যা আরো প্রকট হয়। তাই আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কোরবানীর পশু পরিবহনে ব্যবহৃত যানবাহন এবং ঘরে ফেরা মানুষের দুর্ভোগ লাঘবে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। সড়ক বিভাগের সাথে সমন্বয় করে সঠিক জায়গায় বৈদ্যুতিক পোল, ইউটিলিটি লাইনসহ অন্যান্য লাইন স্থাপন করতে হবে। ২। আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কোরবানীর পশু পরিবহনে ব্যবহৃত যানবাহন এবং ঘরে ফেরা মানুষের দুর্ভোগ লাঘবে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।	১। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ ২। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন। ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন ৫। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী
ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১০	**<u>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:</u>** তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল সভায় জানান যে, রাজশাহী বিভাগে মুজিব শতবর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ২০২১-২০২২ অর্থ বছরে সুপেয় পানি সরবরাহের লক্ষ্যে ১ম পর্যায়ে রাজশাহী জেলায় ১৫০টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ১৫৯টি, নওগাঁ জেলায় ১৫৯টি, বগুড়া জেলায় ১৭১টি, জয়পুরহাট জেলায় ৫০টি, পাবনা জেলায় ১৩০টি, সিরাজগঞ্জ জেলায় ১৩৩টি এবং নাটোর জেলায় ১৪৪টি পানির উৎসসহ মোট ১০৯৬টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ২য় পর্যায়ে রাজশাহী জেলায় ২৭৭টি, চাঁপাইনবাবগঞ্জ জেলায় ২৪৯টি, নওগাঁ জেলায় ২৯টি, বগুড়া জেলায় ৩০০টি, জয়পুরহাট জেলায় ১৮টি, পাবনা জেলায় ২০টি, সিরাজগঞ্জ জেলায় ৯৩টি এবং নাটোর জেলায় ১৪০টি পানি উৎসসহ মোট ১১২৬টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে এ পর্যন্ত ৯৩০টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে ৩য় পর্যায়ে রাজশাহী জেলায় ২১১টি, নওগাঁ জেলায় ৮৮টি, পাবনা জেলায় ৫০টি, জয়পুরহাট জেলায় ৭৫টি, সিরাজগঞ্জ জেলায় ৮৮টি এবং নাটোর জেলায় ৩৫০টি পানির উৎসসহ মোট ৮৬২টি পানির উৎস স্থাপন কাজের বরাদ্দের বিপরীতে এ পর্যন্ত ১১১টি পানির উৎস স্থাপন কাজ সম্পন্ন হয়েছে। বাকি পানির উৎস স্থাপন কাজ চলমান রয়েছে।	১। মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীন পরিবারের জন্য ৩য় পর্যায়ের আশ্রয়ন প্রকল্পে পানি সরবরাহের জন্য নলকূপ স্থাপন কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল
১১	**<u>পানি উন্নয়ন বোর্ড:</u>** প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী সভায় জানান যে, বগুড়া জেলার সারিয়াকান্দি এবং সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরসহ অন্যান্য বন্যা প্লাবিত এলাকা পরিদর্শন করা হচ্ছে। বন্যায় বাঁধ ও স্থাপনার যেন ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে ত্রাণ সামগ্রী বিতরণের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। নদীতে বিদ্যমান ব্রিজ ও অন্যান্য স্থাপনার স্থানে নদী খননের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ পূর্বক অবকাঠামোর মূল নকশা বিবেচনা করে স্থাপনারউজান ও ভাটিতে নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে নদী খনন করা হচ্ছে। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। বন্যা কবলিত এলাকা নিয়মিত পরিদর্শন করতে হবে এবং বন্যায় বাঁধ ও স্থাপনার যেন ক্ষতি না হয় সে বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। ২। বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে শুকনা খাবারসহ অন্যান্য ত্রাণ সামগ্রী বিতরণ করতে হবে। ৩। অপরিকল্পিতভাবে কেউ বালু উত্তোলন করে বাঁধ ও স্থাপনার ক্ষতি করলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, রাজশাহী

১২	**<u>বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর:</u>** উপপরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের খামারীদের উৎসাহিতকরণে ৪২,৫৭৭ জন খামারীকে গবাদিপশু ও হাঁস-মুরগি পালনে আধুনিক প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩,২৯৭টি উঠান বৈঠকের মাধ্যমে ৪৩,৭৮২ জন খামারীকে উৎসাহ ও উদ্বুদ্ধ করা হয়েছে। ঘাস চাষ সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে ১৪২৭.৭৭ একর জমিতে উন্নত ঘাস চাষ সম্প্রসারণ করা হয়েছে। তরল ও হিমায়িত সিমেন দ্বারা ৭,২৮,৬৮০টি গাভীকে কৃত্রিম প্রজনন করার ফলে ২,৭১,৮১৫টি উন্নতজাতের গরুর বাছুর জন্মলাভ করেছে। ফলে গবাদিপশু পালনে, স্বাস্থ্যবিধি ও পুষ্টি বিষয়ে খামারীদের জ্ঞান ভান্ডার সমৃদ্ধ হয়েছে এবং প্রাণি উৎপাদনে আশাব্যঞ্জক অগ্রগতি সাধিত হয়েছে। রাজশাহী বিভাগের প্রাণিসম্পদের সুস্বাস্থ্য রক্ষা এবং রোগ বালাই প্রতিরোধের নিমিত্তে গবাদিপশুকে ৫৯,৫৮,৮৯৭ মাত্রা টিকা এবং হাঁস-মুরগিকে ৪,২০,২০,৬০০ মাত্রা রোগ প্রতিশেধক টিকা প্রদান করা হয়েছে। রোগ নিরাময়ের জন্য ১৫,৭৩,৫২৯টি গবাদিপশু এবং ১,৩১,০৭,৬৭৫টি হাঁস-মুরগিকে চিকিৎসেবা প্রদান করা হয়েছে। প্রাণিস্বাস্থ্য সেবা সহজীকরণের জন্য ৭৭৭টি ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প স্থাপন করা হয়েছে। যার মাধ্যমে প্রায় ৩০,৩৫৫টি গবাদিপশু এবং প্রায় ১,৪৫,৫৬০টি হাঁস-মুরগি চিকিৎসা ও স্বাস্থ্যগত পরামর্শ দেয়া হয়েছে এবং এ কার্যক্রম অব্যাহত রয়েছে। গবাদিপশু ও হাঁস-মুরগিসহ অন্যান্য পশু পালনে খামারীদের উৎসাহ প্রদান করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। কোরবানীর পশু পরিবহণে সহযোগিতা এবং কোরবানীর পর চামড়া সংরক্ষণ এবং গবাদি পশুর বর্জব্য অপসারণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। কোরবানীর পশু পরিবহনে সহযোগিতা এবং কোরবানীর পর চামড়া সংরক্ষণ এবং গবাদি পশুর বর্জ্য দ্রুত অপসারণ করতে হবে। ২। গবাদিপশু ও হাঁস-মুরগিসহ অন্যান্য পশু পালনে খামারীদের উৎসাহ প্রদান করতে হবে। ৩। গবাদিপশুকে সুস্থ রাখতে খামারীদেরকে সঠিক পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে।	১। ডিআইজি, বাংলাদেশ পুলিশ, রাজশাহী রেঞ্জ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহীবিভাগ ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন ৪। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী
ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

১৩	**মৎস্য বিভাগ:** সিনিয়র সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী জানান যে, মৎস্য সংরক্ষণ ও মৎস্য সংক্রান্ত অন্যান্য আইনও যথাযথভাবে বাস্তবায়িত হচ্ছে। চলতি অর্থ বৎসরে মে, ২০২২ মাস পর্যন্ত ক) মৎস্য সংরক্ষণ আইন :৫২৪৮টি খ) মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন:২০৫টি গ) মৎস্য হ্যাচারি আইন :২২৩টি যার মধ্যে ৩১৭টি মোবাইল কোর্ট, ৪৯৫৪টি অভিযান বাস্তবায়নসহ মোট ৩৩৭টি মামলা, ২৬৬ জনের জেল এবং ৩.৫৬১৫ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। বেসরকারি হ্যাচারি ও মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয় এবং প্রতি বছর নবায়ন করা হয়। এ পর্যন্ত ১৯৯টি বেসরকারি হ্যাচারি ও ৮৯৫টি মৎস্য খাদ্য প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনা হয়েছে। চাষীদের উৎসাহিত করতে " কার্প-গলদা মিশ্রচাষ ও বড় আকারের রুই জাতীয় মাছ উৎপাদন কৌশল" বিষয়ক বই প্রকাশনা করে চাষীদের মাঝে বিনামূল্যে বিতরণ করা হয়েছে। প্রতি বছর মৎস্য খাদ্য নমুনা পরীক্ষা করা হয়। এ পর্যন্ত ১৮৫টি মৎস্য খাদ্য নমুনা পরীক্ষা হয়েছে। এ ছাড়া নিয়মিত প্রশিক্ষণ, পরামর্শ, প্রদর্শনী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সুষ্ঠভাবে পালন করা হচ্ছে। এ ছাড়া নিয়মিত প্রশিক্ষণ, পরামর্শ, প্রদর্শনী কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন সুষ্ঠভাবে পালন করা হচ্ছে। বড় মাছ চাষের পাশাপাশি দেশীয় ছোট মাছ চাষের বিষয়ে মৎস্য চাষীদেরকে উৎসাহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। মৎস্য সংরক্ষণ আইনসহ মৎস্য সংক্রান্ত অন্যান্য আইন যথাযথভাবে বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। বড় মাছ চাষের পাশাপাশি দেশীয় ছোট মাছ চাষের বিষয়ে মৎস্য চাষীদেরকে উৎসাহিত করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল),রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ
১৪	**প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপপরিচালক, প্রাথমিক শিক্ষা সভায় জানান যে, তিনিসহ, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসার নিয়মিত স্কুল পরিদর্শন করছেন। করোনাত্তোর রাজশাহী বিভাগের মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে বিদ্যালয় পরিদর্শন মনিটরিং ও ফলোআপ জোরদার করা হচ্ছে। এছাড়া করোনাকালীন বিদ্যালয় বন্ধ সময়ের শিখন ঘাটতি পূরণেও পবিত্র রমজানের ছুটি পরিবর্তন করে ০১ লা এপ্রিল ২০২২ খ্রি. হতে ২১ এপ্রিল ২০২২ খ্রি. পর্যন্ত বিশেষ পাঠদানের ব্যবস্থা করা হয়েছিল। বর্তমানে ১২/০৫/২০২২ খ্রি. থেকে বিদ্যালয়ে স্বাস্থ্যবিধি মেনে পুনরায় সরাসরি পাঠদান পুনউদ্দমে শুরু হয়েছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন এবং স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান চালুর রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করতে হবে। ২। স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, প্রাথমিক শিক্ষা রাজশাহী বিভাগ

১৫	**<u>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ:</u>** উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল জানান যে, বিদ্যালয় নিয়মিতভাবে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। ২২ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. থেকে স্বাস্থ্যবিধি মেনে স্ব-শরীরে শ্রেণিতে পাঠদান কার্যক্রম চালু হয়েছে। ইতোমধ্যে ০২/০৬/২০২২ তারিখে হতে বিদ্যালয়ে অর্ধবার্ষিক পরীক্ষা শুরু হয়ে যথাসময়ে সমাপ্ত হয়েছে। স্ব-শরীরে শ্রেণিতে পাঠদান কার্যক্রম চালু থাকায় শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণ হচ্ছে। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন এবং স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান চালুর রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।	১। নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করতে হবে। ২। স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয়ে পাঠদান অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল

১৬	**<u>পরিসংখ্যান বিভাগ:</u>** যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী জানান যে, দেশব্যাপি ৬ষ্ঠ জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর তথ্য সংগ্রহ কার্যক্রম ১৫ থেকে ২১ জুন ২০২২ সময়ে অনুষ্ঠিত হবে। এবারে দেশে প্রথম ডিজিটাল সেন্সাস পরিচালিত হচ্ছে। এ লক্ষ্যে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। ২৫ মে ২০২২ থেকে ১২ জুন ২০২২ সময়ে তিনটি স্তরে শুমারি সমন্বয়কারী এবং শুমারি কর্মীগণের প্রশিক্ষণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। সকল তথ্য সংগ্রহকারী CAPI (Computer Assisted Personal Interviewing) পদ্ধতিতে ট্যাব ব্যবহার করে তথ্য সংগ্রহ করবেন। এ লক্ষ্যে রাজশাহী বিভাগীয় শুমারি কমিটির সভা ২৩ মে ২০২২ তারিখ অনুষ্ঠিত হয়। রাজশাহী বিভাগে জনশুমারি ও গৃহগণনা ২০২২ সফল বাস্তবায়নে সকল দপ্তরের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়েছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র শ্রমশক্তি জরিপের মাধ্যমে শ্রমবাজার তথ্যের উন্নয়ন প্রকল্প এর আওতায় বার্ষিক শ্রমশক্তি জরিপের তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জানুয়ারি ২০২২ তারিখে শুরু হয়েছে যা ৩ বছরব্যাপি অনুষ্ঠিত হবে। রাজশাহী বিভাগের মোট ৩৫০ টি নমুনা এলাকা (Primary Sampling Unit) বা PSU হতে তথ্য সংগ্রহ করা হবে। প্রতি নমুনা এলাকা বা PSU হতে ২৪ টি Household থেকে তথ্য সংগ্রহ করা হবে। হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেন্ডিচার সার্ভে (HIES) ২০২১-২২ প্রকল্পের তথ্য সংগ্রহ কার্যক্রম ০১ জানুয়ারি ২০২২ থেকে মাঠ পর্যায়ে শুরু হয়েছে যা বছরব্যাপি চলবে। রাজশাহী বিভাগের মোট ৯০ টি নমুনা এলাকা (Primary Sampling Unit) বা PSU হতে তথ্য সংগ্রহ করা হবে। প্রতি নমুনা এলাকা বা PSU হতে ২০ টি Household থেকে তথ্য সংগ্রহ করা হবে। বিভাগের ৮টি জেলা থেকে ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফিতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ যথাসময়ে প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে । বিভাগের ৮টি জেলা থেকে ভোক্তার মূল্য সূচক নিরূপনের মাধ্যমে জীবনযাত্রার মান নির্ধারণ ও মূল্যস্ফিতি নির্ধারণের লক্ষ্যে ৪টি দরছকের মাধ্যমে ফুড ও ননফুড দ্রব্যসামগ্রী এবং সেবার মূল্য সংগ্রহের কাজ যথাসময়ে প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভায় অবহিত করেন।	১। স্বাস্থ্যবিধি মেনে জরিপের কাজসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক(সকল), রাজশাহী বিভাগ ২। যুগ্মপরিচালক, পরিসংখ্যান অফিস, রাজশাহী

১৭	**<u>ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর:</u>** উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী জানান যে, ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ প্রতিরোধের লক্ষ্যে রাজশাহী বিভাগে ২০২১-২২ অর্থবছরে জুলাই-২০২১ থেকে এপ্রিল-২০২২ পর্যন্ত সময়ে রাজশাহী মহানগরসহ রাজশাহী বিভাগের সকল জেলায় ১২৩০টি তদারকিমূলক অভিযান পরিচালনার মাধ্যমে ৩৩৬০টি প্রতিষ্ঠানকে ২,০৪,৯২,৭০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে, যা ট্রেজারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। এছাড়া ভোক্তা-সাধারণ কর্তৃক দায়েরকৃত ৭৪৯টি অভিযোগের (৫৪টি ই-কমার্সভিত্তিক) মধ্যে ৫২৯টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। নিষ্পত্তিকৃত ৫২৯টি অভিযোগের মধ্যে ৯০টি অভিযুক্ত প্রতিষ্ঠানকে ৫,১৫,৫০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে এবং ৮৯ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসাবে ১,২৮,৬২৫/- টাকা প্রদান করা হয়েছে এবং ১ জন অভিযোগকারী জরিমানার ২৫% হিসাবে ৫০০/- গ্রহণ না করায় উক্ত অর্থসহ বাকী ৭৫% অর্থ ৩,৮৬,৮৭৫/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা প্রদান করা হয়েছে। বাকী ৪৩৯টি অভিযোগ নথিজাত করা হয়েছে। ভোক্তা-অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে ভোক্তা-ব্যবসায়ীদের সচেতনতা ও আইনের ব্যাপক প্রচার-প্রচারণার লক্ষ্যে রাজশাহী বিভাগে ১২০টি সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে এবং ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সংবলিত ৫০,০০০টি লিফলেট, ৪০,০০০টি প্যাম্ফলেট বিতরণ করা হয়েছে। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা- অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখা এবং জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	১। স্বাস্থ্যবিধি অনুসরণ করে ভোক্তা-অধিকার সংরক্ষণকল্পে বাজার মনিটরিংসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। ২। জেলা ও উপজেলা পর্যায়ে ভোক্তা অধিকার সংরক্ষণ বিষয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, রাজশাহী

১৮	**বনবিভাগ:** বন সংরক্ষক, সামাজিক বন অঞ্জল, বগুড়া জানান যে, সামাজিক বন বিভাগ, রাজশাহীর নিয়ন্ত্রণাধীন রাজশাহী/ নাটোর/নওগাঁ/ চাঁপাইনবাবগঞ্জ জেলায় অবৈধ করাত-কলের তালিকাসহ বিদ্যুৎ বিভাগকে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করার জন্য পুনরায় ২৬/০৫/২০২২ খ্রিঃ তারিখ পত্র প্রেরণ করা হয়েছে। অবৈধ করাত-কলের বিরুদ্ধে মে/২২ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করে ৫টি করাতকলের বিরুদ্ধে ১৩,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। সামাজিক বন বিভাগ, পাবনার অধীন পাবনা ও সিরাজগঞ্জ জেলায় মে/২২ মাসে মোবাইল কোর্ট পরিচালনা করে ২টি করাতকলের বিরুদ্ধে ৭,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়েছে। বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও অবৈধ করাতকল উচ্ছেদের ব্যাপারে জেলা উন্নয়ন সমন্বয় সভায় উপস্থাপন করা হয়েছে। সামাজিক বন বিভাগ, রাজশাহীর অধীন জবরদখলকৃত বনভূমির পরিমাণ-২৫৪৯.২৪ একর। তন্মধ্যে ইতোমধ্যে ৩৭০.০৫ একর বনভূমি উদ্ধার করা হয়েছে। সামাজিক বন বিভাগ, রাজশাহীর অধীন পবা ও চারঘাট এসএফ এনটিসি'র মোট ১০টি পুরাতন ভবন এবং নওগাঁ জেলার পাইকবান্দা ও সাপাহার রেঞ্জ এবং নিয়ামতপুর এসএফএনটিসি ২৫টি পুরাতন ভবন অবলোপনের অনুমোদন পাওয়া গেছে। বর্ণিত রেঞ্জ/এসএফএনটিসির ভবন সমূহের মূল্যনির্ধারণী প্রতিবেদন প্রেরণের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ-১, রাজশাহীকে অনুরোধ জানানো হয়েছে। কিন্তু এখনও উল্লেখিত দপ্তর হতে মূল্যনির্ধারণী প্রতিবেদন পাওয়া যায়নি। এছাড়া নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ এসএফএনটিসির সরকারি পুরাতন ভবন/স্থাপনা ব্যবহার উপযোগী কিনা এ বিষয়ে মতামত প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, নাটোরকে এবং নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, চাঁপাইনবাবগঞ্জকে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত আছে। সামাজিক বন বিভাগ, বগুড়ার আওতাধীন জয়পুরহাট জেলার সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, জয়পুরহাট এর সরকারি পুরাতন ০৮টি ভবন নিলামে বিক্রয়ের প্রক্রিয়াধীন আছে এবং সামাজিক বন বিভাগ, পাবনার পুরাতন ও জরাজীর্ণ ভবন দ্রুত অপসারণের লক্ষ্যে গণপূর্ত বিভাগ, পাবনা ও সিরাজগঞ্জ এর নিকট পত্র প্রেরণ পূর্বক অবলোপনের প্রস্তাব চলমান আছে। লাইসেন্স বিহীন করাতকলে বিদ্যুৎ সংযোগ না দেওয়ার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। লাইসেন্স বিহীন করাতকলে বিদ্যুৎ সংযোগ দেওয়া বন্ধ করতে হবে। ২। অবৈধ করাত কল উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের হাত হতে বনবিভাগের জমি উদ্ধারের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ অব্যাহত রাখতে হবে। ৩। জেলা ও উপজেলা পর্যায়ে বন বিভাগের পুরাতন ও জরাজীর্ণ ভবন দ্রুত অপসারণের লক্ষ্যে সরকারি মূল্য দ্রুত নির্ধারণ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী ৪। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্জল বগুড়া
ক্র.নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১৯	**বিভাগীয় জেলা তথ্য অফিস:** পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী জানান যে, কোভিড-১৯ প্রতিরোধে ভ্যাকসিন নেওয়ার পরেও মাস্ক ব্যবহার, সামাজিক দুরত্ব বজায় রাখা অর্থাৎ স্বাস্থ্য বিধি মেনে চলার জন্য জনসাধারণকে সচেতন ও উৎসাহিত করার লক্ষ্যে প্রচার-প্রচারণার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়াও প্রতিটি অফিসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এবং মাননীয় প্রধানমন্ত্রীর আপডেট ছবি সুন্দর ফ্রেমে বাঁধাই করে রাখার জন্য সভায় আলোচনা করা হয়।	১। প্রতিটি অফিসে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এবং মাননীয় প্রধানমন্ত্রীর আপডেট ছবি সুন্দর ফ্রেমে বাঁধাই করে রাখতে হবে। ২। কোভিড-১৯ প্রতিরোধ বিষয়ে লিফলেট বিতরণসহ জনসচেতনতামূলক প্রচার-প্রচারণা অব্যাহত রাখতে হবে।	১। বিভাগীয় দপ্তর প্রধানগণ ২। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী

২০	**<u>সমাজসেবা অফিস:</u>** পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী এর প্রতিনিধি সভায় জানান যে, রাজশাহী বিভাগে সকল ইউনিটে শতভাগ জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরে ২৯টি ইউনিট শতভাগ ভাতার আওতাভুক্ত হয়েছে। প্রান্তিক জনগোষ্ঠীর জীবন মান উন্নয়নে জরিপ কার্যক্রম শতভাগ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণ ও অনুদান কার্যক্রম চলমান। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারালাইজড, জন্মগত হৃদরোগীদেগর প্রাপ্ত এককালীন অনুদান ব্যাংক এর মাধ্যমে শতভাগ বিতরণ সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। কোনো ভাতাভোগী ভাতা প্রাপ্তিতে যেন হয়রানি বা প্রতারণার শিকার না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখার বিষয়েসভায় বিস্তারিত আলোচনা করা হয়।	১। নগদ, বিকাশ এবং ব্যাংক এশিয়ার মাধ্যমে জি টু পি পদ্ধতিতে ভাতা প্রদান অব্যাহত রাখতে হবে। ২। ভাতা প্রাপ্তিতে কোনো ভাতাভোগী যেন হয়রানি বা প্রতারণার শিকার না হয়, সে বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, বিভাগীয় সমাজসেবা অফিস, রাজশাহী
২১	**<u>যুব উন্নয়ন অফিস:</u>** উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী জানান যে, রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ১০টি ট্রেডে এবং উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক ট্রেডে প্রশিক্ষণসমূহ সুচারুভাবে অনুষ্ঠিত হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল, ২০২২ পর্যন্ত অগ্রগতি ৩৪,৫০৭ জন। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। রাজশাহী বিভাগের সকল জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী যুবদের আত্মকর্মসংস্থানের লক্ষ্যে ঋণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরের এপ্রিল, ২০২২ পর্যন্ত ৫,৪৪৯ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে উদ্বুদ্ধ করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন ।	১। প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে অনুষ্ঠিত প্রশিক্ষণসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। ২। আত্মকর্মসংস্থানে সঠিক ও সুন্দরভাবে যুবঋণ বিতরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী

২২	**<u>পরিবেশ অধিদপ্তর:</u>** উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী জানান যে, “ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ (সংশোধিত ২০১৯)” অনুসারে মাটির ব্যবহার পর্যায়ক্রমে হ্রাস করার লক্ষ্যে সরকারি নির্মাণ, মেরামত ও সংস্কার কাজে ২০২১-২০২২ অর্থ বছরে শতকরা ৩০ ভাগ এবং ২০২৫ সালের মধ্যে শতভাগ ব্লক ইটের ব্যবহারের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক প্রজ্ঞাপন জারী করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপন জেলা প্রশাসক, সওজ, PWD, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, এলজিইডি, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সহ সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠানের নিকট বিতরণ করা হয়েছে। এর ধারাবাহিকতায় উক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের নিমিত্ত ব্লক ইট ব্যবহার বৃদ্ধিতে উৎসাহিত করতে বগুড়া ও রাজশাহী জেলায় সংশ্লিষ্ট জেলা প্রশাসককে প্রধান অতিথি করে এপ্রিল/২০২২ মাসে মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে। বাকী জেলাগুলোতে পর্যায়ক্রমে সভার আয়োজ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। ২) জানুয়ারি/২০২২ হতে মে/২০২২ মাসে মোট ৪৮টি অবৈধ ইটভাটার বিরুদ্ধে সংশ্লিষ্ঠ বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের সহযোগিতায় অভিযান পরিচালনা করা হয়। ০৪টি ভেঙ্গে গুড়িয়ে দেয়া হয়। ৯৫,০৪,০০০/- টাকা জরিমানা আদায় করা হয়। রাজশাহী জেলায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের সহায়তায় মে/২০২২ মাসে রাজশাহী জেলাধীন ০২টি ইটভাটার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা করে মোট ২,৩০,০০০/- (দুই লক্ষ ত্রিশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়। বগুড়া জেলায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটের সহায়তায় ২৩/০৫/২০২২ তারিখ শাজাহানপুর উপজেলা প্রশাসনের সহযোগিতায় বগুড়া জেলার শাজাহানপুর উপজেলায় অবস্থিত মেসার্স শিরু ব্রিকস ফিল্ডকে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জরিমানা আদায় করা হয়। ২৪/০৫/২০২২ তারিখ শিবগঞ্জ উপজেলা প্রশাসনের সহযোগিতায় বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলার, পশ্চিম জাহাঙ্গীরাবাদ এলাকায় অবস্থিত মেসার্স আয়েশা ব্রিকস এর বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে মোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা জরিমানা আদায় করা হয়।	১। সরকারি নির্মাণ, মেরামত ও সংস্কার কাজে ব্লক ইটের ব্যবহার বৃদ্ধি বিষয়ে উৎসাহিতকরণ মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে। ২। অবৈধ ইটভাটার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। ৩। পরিবেশ দূষণ করছে, এমন প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী

২৩	**<u>বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ:</u>** নির্বাহী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী জানান যে, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষের মাধ্যমে রাজশাহী বিভাগে প্রায় ৩.৬৩ লক্ষ হেক্টর জমিতে ১০,০২৫টি গভীর নলকূপ, ৩৬৯টি এল এল পি (বিদ্যুৎ চালিত-২৫৪টি ও সোলার চালিত-১১৫ টি) এবং ৪৭১টি সোলার চালিত পাতকুয়ার মাধ্যমে বোরো মৌসুমে জমিতে সেচ প্রদান করা হয়েছে। এছাড়া আমন ও আউস মৌসুমে জমিতে সেচ প্রদান অব্যাহত রয়েছে। সেচ যন্ত্রগুলি সার্বক্ষনিক সচল রাখতে প্রয়োজনীয় পাম্প-মটর, বৈদ্যুতিক ট্রান্সফরমার ও অন্যান্য যাবতীয় মালামাল যথাযথ মজুদ আছে। বর্তমানে বিদ্যুৎ চালিত ১০২৭৯টি সেচযন্ত্র চালু আছে, যেখানে প্রায় ১৮৩ মেগাওয়াট বিদ্যুৎ ব্যবহার হচ্ছে। সেচকাজে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগের (পবিস ও নেসকো) সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। বরেন্দ্র অঞ্চলে ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানি দ্বারা সেচ সুবিধা চালু হওয়ায় এলাকার এক ফসলি জমি দুই/তিন ফসলি জমিতে রূপান্তরিত হয়েছে। ফলে এই এলাকার ফসল উৎপাদন বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে এ কার্যক্রম অব্যাহত রয়েছে।	১। সেচ কাজে প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ অব্যাহত রাখতে হবে। ২। সেচ সুবিধা চালুর মাধ্যমে এক ফসলি জমিকে তিন ফসলি জমিতে রূপান্তরিত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী ৩। নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী

২৪	**<u>শিক্ষা প্রকৌশল অধিদপ্তর:</u>** তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী জানান যে, "নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন (৩০০০ স্কুল) শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ১০টি করে মাধ্যমিক বিদ্যালয়ের চারতলা ভবন নির্মাণের কাজ চলতেছে। মোট বিদ্যালয়ের সংখ্যা ৩৯০টি। তন্মধ্যে ২৪২টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে। ১৪৭টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। "নির্বাচিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহের উর্দ্ধমুখী সম্প্রসারণ শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ১০টি করে মাধ্যমিক বিদ্যালয়ের বিদ্যমান ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ করে ভবনটির নির্মাণের কাজ চলতেছে। মোট বিদ্যালয়ের সংখ্যা ৪০২টি। তন্মধ্যে ৩০১টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে। ১০১টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। "নির্বাচিত বেসরকারী মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ৬টি করে মাদ্রাসার চারতলা ভবন নির্মাণের কাজ চলতেছে। মোট মাদ্রাসার সংখ্যা ২৩০টি। তন্মধ্যে ২৬টি বিদ্যালয়ের কাজ সমাপ্ত হয়েছে। ১৯৬টি বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। "১০০টি উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ স্থাপন শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের মোট ১১টি উপজেলায় টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের নির্মাণের কাজ চলতেছে। মোট টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের সংখ্যা ১১টি। তন্মধ্যে ৭টির কাজ সমাপ্ত হয়েছে। ৪টির কাজ চলমান রয়েছে। "তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মান্নোনয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারী কলেজসমূহের উন্নয়ন শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের প্রত্যেক সংসদীয় এলাকায় ৫টি করে কলেজে চারতলা ভবন নির্মাণের কাজ চলতেছে। মোট কলেজের সংখ্যা ১৯৪টি। তন্মধ্যে ১৭৫টি কলেজের কাজ সমাপ্ত হয়েছে। ১৯টি কলেজের কাজ চলমান রয়েছে। "শিক্ষার মান্নোনয়নের লক্ষ্যে জেলা সদরে অবস্থিত পোস্ট গ্রাজুয়েট কলেজসমূহের উন্নয়ন শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের মোট ৮টি সরকারি কলেজে ৩৭টি কাজের কর্মসূচীভুক্ত হয়েছে। মোট ৩৫টি কাজ সমাপ্ত হয়েছে। ২টির কাজ চলমান রয়েছে। "নির্বাচিত সরকারী মাধ্যমিক বিদ্যালয়মূহের উন্নয়ন (৩২৩ সরকারী স্কুল) শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের সরকারি বিদ্যালয়সমূহের ২৬টি কাজের কর্মসূচীভুক্ত হয়। মোট ৩টি কাজ সমাপ্ত হয়েছে। ২৩টির কাজ চলমান রয়েছে। "সরকারী কলেজমূহের বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ (২০০ সরকারী কলেজ) শীর্ষক" প্রকল্পের আওতায় রাজশাহী বিভাগের সরকারি কলেজসমূহের মোট ২৫টি কাজের কর্মসূচীভুক্ত হয়। মোট ২৫টির কাজ চলমান রয়েছে।	১। যথাসময়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। প্রকল্পসমূহ বাস্তবায়নে কোনো সমস্যা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী

২৫	**এলজিইডি অধিদপ্তর:** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ জানান যে, রাজশাহী বিভাগ (সিরাজগঞ্জ ব্যতীত) পল্লী অবকাঠামো উন্নয়ন প্রকল্প, বন্যা ও দুর্যোগে ক্ষতিগ্রস্ত পল্লী সড়ক অবকাঠামো পুনর্বাসন প্রকল্প, গ্রাম সড়ক পুনর্বাসন প্রকল্প ঘূর্ণিঝড় আম্ফান ও বন্যায় ক্ষতিগ্রস্ত পল্লী অবকাঠামো পুনর্বাসন প্রকল্প "রুরাল ট্রান্সপোর্ট ইমপ্রুভমেন্ট প্রজেক্ট-২", রুরাল কানেকটিভিটি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট, টেকসই ক্ষুদ্রাকার পানি সম্পদ উন্নয়ন প্রকল্প, চাঁপাইনবাবগঞ্জ এর ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ প্রকল্প ও বৃহত্তর রাজশাহী জেলার গ্রামীণ অবকাঠামো উন্নয়ন প্রকল্পের কাজ চলিতেছে। কাজন মান সন্তোষজনক। গড় অগ্রগতি=৯০%। চলতি অর্থবৎসরে প্রদেয় সময় অনুযায়ী কাজগুলি সমাপ্ত করা হবে। তিনি আরো জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে অত্র বিভাগে গ্রামীণ সড়ক মেরামত ও সংরক্ষণের (GOB) এর আওতায় অত্র বিভাগে ৮টি জেলায় ৬৩২টি অনুমোদিত স্কীমের (সড়ক রক্ষণাবেক্ষণ) কাজ চলিতেছে। গড় অগ্রগতি=৯৫%। চলতি অর্থ বৎসরে উক্ত কাজগুলির রক্ষণাবেক্ষণ কাজ প্রদেয় সময় অনুযায়ী সমাপ্ত করা হবে। কাজন মান সন্তোষজনক।	১। যথাসময়ে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে। ২। প্রকল্পসমূহ বাস্তবায়নে কোনো সমস্যা পরিলক্ষিত হলে তৎক্ষণাৎ উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।	১। জেলা প্রশাসক (সকল), রাজশাহী বিভাগ ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, রাজশাহী বিভাগ
২৬	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ):** এ বিভাগের সকল দপ্তরের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। এ বিভাগের সকল দপ্তরকে ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন এর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বিভিন্ন কার্যসম্পাদনের প্রমাণকসমূহ সংরক্ষণ করতে হবে।	বিভাগীয় দপ্তর প্রধানগণ

অত:পর সভার আলোচনায় স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য সদস্যদের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

জি এস এম জাফরউল্লাহ্ এনডিসি
বিভাগীয় কমিশনার

স্মারক নম্বর: ০৫.৪৩.০০০০.০০৮.১৩.০০১.২১.২৪৩

তারিখ: ১৪ আষাঢ়.১৪২৯
২৮ জুন ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)
৩) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) উপমহা পুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৫) মহাপরিচালক, রেশন উন্নয়ন বোর্ড, রাজশাহী
৬) পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী

৭) মহাব্যবস্থাপক, পশ্চিমাঞ্চল, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
৮) পরিচালক, রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল
৯) ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা
১০) প্রধান প্রকৌশলী, নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লি:, রাজশাহী
১১) প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী
১২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রাজশাহী জোন
১৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৪) পরিচালক , বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৫) প্রধান প্রকৌশলী, উত্তর পশ্চিমাঞ্চল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, সপুরা, রাজশাহী
১৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত জোন, রাজশাহী বিভাগ, রাজশাহী
১৭) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রাজশাহী
১৮) পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, নিশিন্দা, উপশহর, বগুড়া
১৯) পরিচালক, বিভাগীয় শ্রম অধিদপ্তর, রাজশাহী
২০) পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, রাজশাহী
২১) প্রধান নির্বাহী কর্মকর্তা , রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ
২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ, রংপুর জোন
২৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
২৪) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
২৫) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ
২৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ
২৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
২৮) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ
২৯) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া
৩০) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
৩১) অধিনায়ক , র‍্যাব-৫, রাজশাহী
৩২) উপ-মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, রাজশাহী রেঞ্জ
৩৩) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী
৩৪) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল
৩৫) পরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, বিভাগীয় জেলা তথ্য অফিস, রাজশাহী
৩৬) মহাব্যবস্থাপক-১, , টেলিযোগাযোগ অঞ্চল (উত্তরাঞ্চল), রাজশাহী
৩৭) পরিচালক, পরিবার পরিকল্পনা, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩৮) পরিচালক, বিএসটিআই, নওদাপাড়া, রাজশাহী
৩৯) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, রাজশাহী
৪০) অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল
৪১) অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল
৪২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪৩) প্রধান নির্বাহী কর্মকর্তা, , জেলা পরিষদ, রাজশাহী
৪৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নাটোর
৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নওগাঁ
৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ

৪৭) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
৪৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিরাজগঞ্জ
৪৯) প্রধান নির্বাহী কর্মকর্তা , জেলা পরিষদ, বগুড়া
৫০) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, জয়পুরহাট
৫১) উপপরিচালক , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৫২) উপপরিচালক , প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী বিভাগ
৫৪) যুগ্মপরিচালক (সার) , বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৫) যুগ্মপরিচালক (বীজ বিপণন), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, রাজশাহী বিভাগ
৫৬) বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, বগুড়া
৫৭) উপপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, রাজশাহী বিভাগ
৫৮) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, রাজশাহী জোন, রাজশাহী
৬০) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী
৬১) যুগ্মপরিচালক , বিভাগীয় পরিসংখ্যান অফিস, রাজশাহী
৬২) অধ্যক্ষ, রাজশাহী মেডিকেল কলেজ, রাজশাহী
৬৩) অধ্যক্ষ, শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ, বগুড়া
৬৪) অধ্যক্ষ, পাবনা মেডিকেল কলেজ, পাবনা
৬৫) অধ্যক্ষ , শহীদ এম. মনসুর আলী মেডিকেল কলেজ, সিরাজগঞ্জ
৬৬) অধ্যক্ষ, নওগাঁ মেডিকেল কলেজ, নওগাঁ
৬৭) উপপরিচালক (চ:দা:), বিভাগীয় ঔষধ প্রশাসন অধিদপ্তর, রাজশাহী
৬৮) উপপরিচালক, আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী
৬৯) যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় অফিস, রাজশাহী
৭০) উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৭১) উপপ্রধান তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহী
৭২) উপপরিচালক, আঞ্চলিক স্কাউট অফিস, রাজশাহী
৭৩) উপপরিচালক, বিভাগীয় সঞ্চয় অফিস, রাজশাহী
৭৪) উপপরিচালক , বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রাজশাহী
৭৫) উপপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, রাজশাহী
৭৬) আঞ্চলিক পরিচালক, বিসিক আঞ্চলিক অফিস, রাজশাহী
৭৭) বিভাগীয় ব্যবস্থাপক , ব্র্যাক, রাজশাহী
৭৮) আঞ্চলিক প্রকল্প পরিচালক , বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি, রাজশাহী
৭৯) জোনাল সেটেলমেন্ট অফিসার, রাজশাহী
৮০) জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
৮১) জোনাল সেটেলমেন্ট অফিসার , বগুড়া
৮২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী , জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজশাহী সার্কেল, রাজশাহী
৮৩) উপপরিচালক , জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী
৮৪) সহকারী প্ল্যানার , নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
৮৫) সহকারী কমিশনার, নেজারত শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৬) উপ-প্রশাসনিক কর্মকর্তা, উন্নয়ন, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

৮৭) উপ-প্রশাসনিক কর্মকর্তা, গোপনীয় শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৮) উপ-প্রশাসনিক কর্মকর্তা, সার্বিক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৮৯) উপ-প্রশাসনিক কর্মকর্তা, রাজস্ব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
৯০) উপ-প্রশাসনিক কর্মকর্তা, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী

এ. এন. এম. মঈনুল ইসলাম
অতিরিক্ত বিভাগীয় কমিশনার